# আশ-শামস | Ash-Shams | ٱلشَّمْس

আয়াতঃ ৯১ : ১৫

## আরবি মূল আয়াত:

وَ لَا یَخَافُ عُقۡبٰهَا ﴿۱۵﴾

## অনুবাদসমূহ:

আর তিনি এর পরিণামকে ভয় করেন না। — আল-বায়ান

আর তিনি (তাঁর এ কাজের) কোন খারাপ পরিণতির ভয় মোটেই পোষণ করেন না। — তাইসিরুল

আর তিনি ওর পরিণামকে ভয় করলেন না। — মুজিবুর রহমান

And He does not fear the consequence thereof. — Sahih International

### ১৫. আর তিনি এর পরিণামকে ভয় করেন না।(১)

(১) অর্থাৎ তাদের প্রতি যে আযাব নাযিল করেছেন, আল্লাহ তা'আলা এর কোন পরিণামের ভয় করেন না। কেননা, তিনি সবার উপর কর্তৃত্বশালী, সর্ব-নিয়ন্ত্রণকারী ও একচ্ছত্র অধিপতি। তাঁর আধিপত্য, কর্তৃত্ব ও ক্ষমতার বাইরে কোন কিছুই হতে পারে না। তার হুকুম-নির্দেশ তাঁর সর্বশ্রেষ্ঠ প্রজ্ঞারই নিদর্শন। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

### ১৫। আর তিনি ওর পরিণামকে ভয় করেন না। [1]

[1] অর্থাৎ, আল্লাহ তাআলার সে ভয় নেই যে, তিনি তাদেরকে শাস্তি দিয়েছেন, ফলে কোন বৃহৎ শক্তি তার প্রতিশোধ নেবে। তিনি এ শাস্তির পরিণাম থেকে ভয়শূন্য। যেহেতু তাঁর অপেক্ষা বড় অথবা তাঁর সমতুল্য এমন কোন শক্তি নেই, যা তাঁর নিকট হতে প্রতিশোধ গ্রহণ করতে পারে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6058

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন